তারিখ ... 30 APR 1991 ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক সংবাদ

ইব্রাহীম স্মারক বক্তৃতামালা

# শিক্ষাক্ষেত্রে সুযোগ-সুবিধা বাড়াতে সরকারের প্রতি আহ্বান

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিচারপতি ইব্রাহীম স্মারক ফাউণ্ডেশন বক্তৃতা-মালার শেষদিনে ব্যারিস্টার ইশতিয়াক আহমদ দেশের মেধাবী ছেলেমেয়েদের উচ্চশিক্ষা ও প্রতিভা বিকাশের লক্ষ্যে শিক্ষাক্ষেত্রে সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন।

শিক্ষাঃ পৃঃ ৮ কঃ ৭

## শিক্ষাক্ষেত্রে সুযোগ বাড়ানোর আহ্বান

( ১ম পাতার পর )

তিনি বিশ্ববিদ্যালয়ের আর্থিক সংকট লাঘবে ট্রাস্ট ফাণ্ড প্রতিষ্ঠার জন্য সাহায্য নিয়ে এগিয়ে আসতে দেশের বিত্তশালী ও হৃদয়বান ব্যক্তিদের প্রতিও আহ্বান জানান।

উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রে আয়োজিত বক্তৃতামালার দ্বিতীয় দিনে গতকাল সোমবার সমাজ বিজ্ঞান বিভাগের অধ্যাপক মুহাম্মদ আফসারউদ্দিন তার 'ব্যক্তি সমাজ এবং রাষ্ট্র' শীর্ষক বক্তৃতার মধ্যযুগ ও আধুনিক যুগ পর্ব উপস্থাপন করেন।

অধ্যাপক আফসারউদ্দিন তার মধ্যযুগে পর্বের আলোচনায় মূলত পৃথিবীর ব্যাপক বিস্তৃত দু'টি ধর্মভিত্তিক সমাজ এবং সে সমাজের স্বরূপ গঠনে দু'টি ধর্মের যুগান্তকারী অবদানের ওপর জোর দেন। এ দু'টি ধর্ম হচ্ছে খ্রীস্টবাদ ও ইসলাম। তিনি বলেন, সমাজ ও সভ্যতার অগ্রগতির ধারা 'নিরবচ্ছিন্ন'।

সভাপতির ভাষণে উপাচার্য অধ্যাপক মোহাম্মদ মনিরুজ্জামান মিঞা বিভিন্ন যুগে মানব সভ্যতার বিকাশ বর্ণনা করে একটি সারগর্ভ বক্তৃতামালা উপস্থাপনের জন্য বক্তাকে ধন্যবাদ জানান।

মানব কল্যাণ সাধনের পথ-নির্দেশনা হিসেবে তিনি ইতিহাস থেকে শিক্ষা গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন।